

নং-৪৪.০০.০০০০.০৪১.২৫.০৩৩.১২-২১৬

তারিখ : ০২ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব এস, এম, শাহজামান, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্তকৃত) বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা-এ কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে জাল NOC এর ভিত্তিতে সাধারণ পাসপোর্টের পরিবর্তে অফিসিয়াল পাসপোর্ট প্রদানের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁকে ২০/০৫/২০১৫ তারিখ ৪৪.০০.০০০০.০৪১.০১.০১৭.১১-৭১ স্মারকমূলে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। সরকারি পাসপোর্ট জালিয়াতির সাথে জড়িত থাকায় তার বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ১৯টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) এর নেতৃত্বে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনে জনাব এস, এম, শাহজামান-এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়। সে প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক গুরুতর “অসদাচরণ”এর অভিযোগ আনয়ন করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করে ৩০ আগস্ট, ২০১৫ তারিখ মন্ত্রণালয়ের ৪৪.০০.০০০০.০৪১.০১.০১৭.১১-১৭৭ স্মারকমূলে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী কেন সরকারি “চাকরি থেকে বরখাস্ত” (Dismissal from Service) বা অন্য কোন দণ্ড আরোপ করা হবে না সে মর্মে জবাব প্রদানের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার নিকট প্রেরণ করা হয়; এবং

২। যেহেতু, জনাব এস, এম, শাহজামান তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন। এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কর্তৃক ২৬/১১/২০১৫ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিধি অনুযায়ী ০২ ডিসেম্বর, ২০১৫ তারিখ ৪৪.০০.০০০০.০৪১.২৫.০৩৩.১২-২৫০ স্মারকমূলে অভিযোগ তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মোঃ সাহেদ আলী-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা যথারীতি তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৩। যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব এস, এম, শাহজামান এর বিরুদ্ধে সরকারি পাসপোর্ট জালিয়াতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ‘অসদাচরণ’ এর অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী তাঁকে কেন সরকারি “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from Service) করা হবে না সে মর্মে ২৫ এপ্রিল, ২০১৬ তারিখ ৪৪.০০.০০০০.০৪১. ২৫.০৩৩.১২-৮৮ স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৬) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং তিনি উক্ত নোটিশের জবাব ০৮ মে ২০১৬ তারিখ দাখিল করেন; এবং

৪। যেহেতু, জনাব এস, এম, শাহজামান এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার জবাব এবং তদন্ত প্রতিবেদন ইত্যাদি বিবেচনা করে প্রস্তাবিত দণ্ড প্রদানের ব্যাপারে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) নং বিধি অনুযায়ী সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করা হয়; এবং


চলমান পাতা-২/

৫। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রস্তাবে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী জনাব এস,এম, শাহজামান-কে সরকারি “চাকুরী হতে বরখাস্ত” (Dismissal from Service) গুরুদণ্ড প্রদানে মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করে; এবং

৬। যেহেতু, উক্ত সুপারিশ মহামান্য রাষ্ট্রপতি অনুমোদন করেছেন; এবং

৭। সেহেতু, এক্ষণে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক “অসদাচরণ” এর গুরুতর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক জনাব এস, এম, শাহজামান, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্তকৃত), বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা-কে সরকারি ‘চাকরি থেকে বরখাস্ত’ (Dismissal from Service) দণ্ড প্রদান করা হলো।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(ড. মোঃ মোজাম্মেল হক খান) ২৬.১০.১৬
সিনিয়র সচিব

নং-৪৪.০০.০০০০.০৪১.২৫.০৩৩.১২-২২৬/১(৮)

তারিখ : ০৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। অতিরিক্ত সচিব (বহিঃ ও নিরা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব এস, এম শাহজামান, সহকারী পরিচালক (বরখাস্তকৃত), বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা।
- ✓ ৮। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(এ,কে,এম মুখলেছুর রহমান)
উপসচিব